গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-১১(১)শু:নী:ওবা:/২০০২/২০৫ (৩৫) তারিখঃ ১২ জুলাই, ২০২০ খ্রিঃ।

বিষয়: টেস্টিং এর জন্য প্রেরিত ট্রান্সফরমার টেস্টিং শেষে পুনঃ আমদানির ক্ষেত্রে শুল্ক-কর আদায়ের বিষয়ে দিক নির্দেশনা প্রদান।

সূত্র: (১) শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৬৭.০১.০০৯.০৮(খন্ড-৩)-১৮, তারিখঃ ১৩ জানুয়ারি, ২০২০ খ্রিঃ।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-১১(১) শু: নী:ও বা: /২০০২/৩৭৫, তারিখ: ১১-০৭-২০০৬ খ্রি:।
(৩) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-১১(১) শু: নী:ও বা: /২০০২/৫৪৬, তারিখ: ১৫/১১/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের মাধ্যমে বাংলাদেশে উৎপাদিত ট্রান্সফরমার বিদেশে Type Testing এর জন্য প্রেরণ করা হলে তা টেস্টিং শেষে দেশে ফিরিয়ে আনার সময় প্রযোজ্য শুল্ক-কর হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। পর্যালোচনায় দেখা যায়, The Customs Act, 1969 এর section 22(c) এর বিধান অনুযায়ী Type Testing এর জন্য প্রেরিত ট্রান্সফরমার পুনঃআমদানির সময় প্রযোজ্য আমদানি শুল্ক (CD) আদায়যোগ্য হবে না। তবে, বিদ্যমান আইন অনুযায়ী আমদানি পর্যায়ে প্রযোজ্য অন্যান্য শুল্ক-কর আদায়যোগ্য হবে।

০৩। Type Test এর জন্য প্রেরিত ট্রান্সফরমার পুনঃআমদানিকালে শুল্কায়ন ও খালাস প্রক্রিয়া এবং প্রযোজ্য শুল্ক-কর আদায়ে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) Type Test এর জন্য ট্রান্সফরমার পুনঃআমদানি করার ক্ষেত্রে আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক ইস্যুকৃত Export-cum-import permit প্রয়োজন হবে;

(খ) Type Test শেষে ট্রান্সফরমার পুনঃআমদানি হলে তা পরীক্ষা করে নিশ্চিত হতে হবে যে ইতঃপূর্বে বিদেশে প্রেরিত ট্রান্সফরমার Type Test করে পুনঃআমদানি করা হয়েছে। সে লক্ষ্যে উক্তরূপ ট্রান্সফরমার বিদেশে প্রেরণ পর্যায়ে এ সংক্রান্ত প্রযোজ্য দলিলাদি পরীক্ষা করে প্রয়োজনীয় তথ্যাদি যথাঃ Art No., Part No., Model No., Chassis No., ওজন, আয়তন, উৎপাদনকারী দেশের নাম, উৎপাদনের সন ও অন্যান্য বৈশিষ্ট যা ট্রান্সফরমারের গায়ে লিপিবদ্ধ অবস্থায় পাওয়া যাবে তা সুনির্দিষ্টভাবে পরীক্ষা প্রতিবেদনে/রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে;

(গ) ট্রান্সফরমার বিদেশে প্রেরণ ও পুনঃআমদানির ক্ষেত্রে শুধুমাত্র পুনঃআমদানি পরিবহন ভাড়ার (Inward freight charge) সাথে Type Test এর ব্যয় যোগ করে সিএন্ডএফ মূল্য (C&F price) নিরূপন করতে হবে এবং উক্তরূপ C&F মূল্যের ভিত্তিতে শুল্কায়নযোগ্য মূল্য (Assessable Value) নির্ধারণ করতে হবে; এবং

(ঘ) ট্রান্সফরমার Type Test এর জন্য বিদেশে প্রেরণ করে টেস্টিংপূর্বক ঐ একই ট্রান্সফরমার আমদানি না করে তার পরিবর্তে অন্য কোন নতুন ট্রান্সফরমার Replacement হিসাবে আমদানি করা হলে সেক্ষেত্রে উপর্যুক্ত পদ্ধতি অনুসরণযোগ্য হবে না। বরং নতুন ট্রান্সফরমারের মূল্যের ভিত্তিতে বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণপূর্বক স্বাভাবিক হারে শুল্ক-কর আদায় করতে হবে।

E:\New folder\OS_TOOLS\Customs Policy-2019\Cus Policy-19\Nikash Letter 19.docx

০৪। এ সংক্রান্ত বিষয়ে ইতঃপূর্বে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারিকৃত সূত্র (২) ও (৩) এর আদেশ বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২২/০৭/২০২০

মোহাম্মদ মেহরাজ-উল-আলম সম্রাট
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

<u>বিবরণঃ</u>

১। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, দিলকুশা বা/এ, ঢাকা।
২-৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানগাঁও।
৮-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (উত্তর)/ ঢাকা (পশ্চিম)/ ঢাকা (পূর্ব)/ চট্টগ্রাম/ যশোর/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ) (মূসক)।
২০-২৬। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম/কাস্টমস: মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা।
২৭-৩১। মহাপরিচালক, কাস্টমস: গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস: রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো)/মূসক: নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৩২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

<u>অনুলিপি সদয় অবগতির জন্যঃ</u>

১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২-৫। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/রাজশাহী।
৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭-১২। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি ও বন্ড/ কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক চুক্তি/কাস্টমস: নীতি ও আইসিটি/মূসক: নীতি/মূসক: নিরীক্ষা ও গোয়েন্দা/মূসক: বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩-২০। পিএ টু প্রথম সচিব (কাস্টমস: নীতি ও আইসিটি/কাস্টমস: রপ্তানি ও বন্ড/কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি/কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা/মূসক: নীতি/মূসক: নিরীক্ষা ও গোয়েন্দা/মূসক: পরিবীক্ষাণ ও করদাতা সেবা/মূসক: তথ্য প্রযুক্তি ও প্রকল্প ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২১। অফিস কপি/গার্ড ফাইল।